# দুর্নীতি বিরোধী বিতর্ক




ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি) এবং সচেতন নাগরিক কমিটি, ময়মনসিংহ সদরের উদ্যোগে ময়মনসিংহে ছাত্র-ছাত্রীদের মাঝে ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে মাসব্যাপী ব্যতিক্রমধর্মী এক দুর্নীতিবিরোধী বিতর্ক প্রতিযোগিতা গত ১১ সেপ্টেম্বর ২০০২ থেকে শুরু হয়েছে। এই প্রতিযোগিতার শ্লোগান হচ্ছে, বিতর্কে ঋদ্ধ হোক, নৈতিকতার মানসলোক। বিতর্কের দ্বিতীয় দিনের 'সুস্থ রাজনীতিই দুর্নীতি নির্মূল করতে পারে' বিষয়ে ছিল কলেজ পর্যায়ে বিতর্কে অংশ নেয় ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ এবং মুসলিম বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ। বিতর্কে ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ বিজয়ী এবং শ্রেষ্ঠ বক্তা হিসেবে মনোনীত হয় একই কলেজের দলনেতা রুবাইয়াৎ অস্মিতা অদিতি। দেশের ভবিষ্যৎ কর্ণধার তরুণ প্রজন্মকে মূল্যবোধের অবক্ষয় থেকে রক্ষা; সততা, নিষ্ঠা, দেশপ্রেম ও নৈতিকতার চেতনায় উজ্জীবিত করে একটি নতুন জাগরণ সৃষ্টির লক্ষ্যে টিআইবি'র জাতীয় সততা কর্মসূচির অংশ হিসেবে নাগরিক কমিটি ও টিআইবি বৃহত্তর ময়মনসিংহের ছয়টি এলাকায় এই প্রতিযোগিতার আয়োজন করেছে। ময়মনসিংহে স্কুল পর্যায়ের তৃতীয় দিনের বিতর্ক অনুষ্ঠিত হয় শনিবার ১৪ সেপ্টেম্বর বিদ্যাময়ী সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ে। বিতর্কের বিষয় 'ঢালাও কোচিং নির্ভরতাই শিক্ষার্থীর প্রকৃত বিকাশের অন্তরায়'। এতে অংশ নেয় বিদ্যাময়ী সরকারি উচ্চ বালিকা বিদ্যালয় এবং ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ।

# এ্যাডকম এখন শক্তির খেলায়..

সম্প্রতি ঢাকার একটি সম্মেলন কেন্দ্রে দেশের অন্যতম বৃহত্তম বিজ্ঞাপনী সংস্থা এ্যাডকম লিমিটেডের সব উদ্যমী সদস্যগণ নিউরো লিঙ্গিউস্টিক প্রোগ্রামিং (এনএলপি)-এর মাধ্যমে 'মাস্টারি অব সেলফ'র দুদিনের প্লে-শপে অংশ নেন। এ্যাডকমের বিভিন্ন ডিপার্টমেন্টের সদস্যগণ সম্মিলিতভাবে এ প্লে-শপে অংশ নিয়ে নিজেরদের আরো সৃজনশীল ও উদ্দীপ্ত করতে সক্ষম হয়েছেন। এ্যাডকম লিমিটেডের চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর মিসেস গীতিআরা সাফিয়া চৌধুরী নিজেও এ শপে অংশ নেন।



প্লে-শপের সমাপনী পর্বে তিনি বলেন-'আরো উচ্চতর লক্ষ্যে পৌছানোর জন্য আমরা এখন সম্মিলিত এবং সীমা অতিক্রমের জন্য নতুনভাবে উদ্দীপ্ত।' প্লে-শপ পরিচালনা করেন রঞ্জন ডি সিলভা। তিনি শ্রীলঙ্কার সেনসাই-এর ম্যানেজিং ডিরেক্টর এবং বর্তমানে যুক্তরাজ্যের চার্টার্ড ইনস্টিটিউট অব মার্কেটিং-এর একজন ফেলো এবং শ্রীলঙ্কা শাখার সাবেক চেয়ারম্যান। রঞ্জন ডি সিলভা শ্রীলঙ্কা, বাংলাদেশসহ অন্যান্য দেশের শীর্ষস্থানীয় কোম্পানি এবং ব্যক্তিগত উদ্যোগে প্রায় এক হাজারেরও বেশিসংখ্যক এক্সিকিউটিভকে প্রশিক্ষণ দান করেন।

# র‍্যাংগস বিক্রয় সম্মেলন ২০০২

দেশব্যাপী সমাদৃত TOSHIBA, CANON CAMERA, TOSHIN, BPL, PIONEER HI-FI এবং MITSUBISHI GENERATOR ব্রান্ডের বিপণনকারী প্রতিষ্ঠান




র‍্যাংগস ইন্ডাস্ট্রিজ লিমিটেডের বার্ষিক বিক্রয় সম্মেলন-২০০২ গত ২০ সেপ্টেম্বর বিসিডিএম মিলনায়তন গাজীপুরে অনুষ্ঠিত হয়। সম্মেলন উদ্বোধন করেন র‍্যাংগস ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক রুমী হোসেন। সম্মেলনের সফল বিক্রয়কর্মীদের মাঝে পুরস্কার বিতরণ ও সমাপনী বক্তব্য রাখেন র‍্যাংগস গ্রুপের মাননীয় চেয়ারম্যান আব্দুর রউফ চৌধুরী। র‍্যাংগস ইন্ডাস্ট্রিজ লিমিটেডের সম্মানিত পরিচালনা পর্ষদের পরিচালক মিসেস জাকিয়া রউফ চৌধুরী এবং মিসেস রোমানা রউফ চৌধুরী উপস্থিত ছিলেন। সম্মেলনের সমাপনী পর্বে র‍্যাংগস কর্মীদের নিজস্ব উপস্থাপনায় অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক সন্ধ্যা।



## সিমেন্সের নতুন চুক্তি

সম্প্রতি সিমেন্স বাংলাদেশ লিমিটেড ইনফিনিটি টেলিকমিউনিকেশনস অটোমেশন সার্ভিসেস-এর সঙ্গে একটি ডিলারশিপ চুক্তি করে। বাংলাদেশ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ড. পিটার অলব্রিচ ও ইনফিনিটি টেলিকমিউনিকেশন




অটোমেশন সার্ভিসেস-এর নির্বাহী পরিচালক মুজিবর রহমান নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে চুক্তিটি স্বাক্ষর করেন। টেলিকম ও আইটি বিভাগের প্রধান খালেদ শামসও ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## ইসলামী ব্যাংকের অনুদান

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড-এর সহযোগী প্রতিষ্ঠান ইসলামী ব্যাংক ফাউন্ডেশন দেশের বিভিন্ন এলাকার ৯টি শিক্ষা প্রতিষ্ঠানকে কম্পিউটার প্রদান করেছে। ব্যাংকের বোর্ড অব ডাইরেক্টরসের চেয়ারম্যান শাহ আবদুল হান্নান ১৯ সেপ্টেম্বর ২০০২ ইসলামী ব্যাংক টাওয়ারে ব্যাংকের বোর্ডরুমে এক অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে ইসলামী ব্যাংক ফাউন্ডেশনের শিক্ষা কর্মসূচির আওতায় অনুদান হিসেবে এসব সামগ্রী হস্তান্তর করেন। প্রতিষ্ঠানগুলো হচ্ছে কক্সবাজারের মুনিরিয়া বাহারুল উলুম মাদ্রাসা ও ইসলামিয়া বালিকা ফাজিল মাদ্রাসা, নোয়াখালীর রংমালা দারুস সুন্নাহ মডেল সিনিয়র মাদ্রাসা, রংমালা আদর্শ উচ্চ বিদ্যালয় ও আল ফারুক একাডেমী, ঢাকার জান্নাতুল বানাত (মহিলা) মাদ্রাসা, নওগাঁর আল ফারুক ইসলামী একাডেমী, টাঙ্গাইলের রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ এবং ভোলার আদর্শ একাডেমী ভোলা। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের অধ্যাপক এ আর খানও উপস্থিত ছিলেন।



## বাউলে শরৎকালীন টিশার্ট

টি শার্ট ডিজাইনের ক্ষেত্রে বাউল প্রোডাকশন্সের নিজস্ব একটা পরিচিতি সৃষ্টি হয়েছে। এবার শরৎকাল উপযোগী ভিন্ন আঙ্গিকে বৈচিত্র্যময় টি শার্ট পাওয়া যাবে বাউলে। বাউলের ডিজাইনার অনুরূপ আইচ জানালেন, মোট ৩০টি নতুন ডিজাইনের টি শার্ট আমি ক্রেতাদের সামনে তুলে ধরেছি। এতে ক্রেতারা এক্সক্লুসিভ কিছু পাবেন যা আগে অপ্রকাশ্য ছিলো। গরমের কারণে সুতিকে প্রাধান্য দেয়া হয়েছে বরাবর। এছাড়া এবার পাহাড়ি চেকে গামছার ফতুয়াও পাওয়া যাবে বাউলে। এসব টি শার্টের মূল্য নির্ধারিত হয়েছে ১০০ থেকে ২৫০ টাকা পর্যন্ত। উল্লেখ্য, এ মাসেই ঢাকার ধানমন্ডিতে বাউলের নতুন শোরুম চালু হচ্ছে। যোগাযোগ : বাউল প্রোডাকশন্স, সখিনা ম্যানশন, চকবাজার, চট্টগ্রাম।

## টুমরোজ ফোরাম

বাংলাদেশের শীর্ষস্থানীয় আইটি ম্যাগাজিন কম্পিউটার টুমরোর পাঠক সংগঠন টুমরোজ ফোরামের দ্বিতীয় বর্ষপূর্তি গত ২০ সেপ্টেম্বর



অনুষ্ঠিত হয় জাতীয় যাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে। এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের বিভাগীয় প্রধান ড. মুহম্মদ জাফর ইকবাল। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দৈনিক জনকণ্ঠের সহকারী সম্পাদক ও বাংলাদেশ আইসিটি জার্নালিস্ট ফোরাম (বিআইজেএফ)-এর আহ্বায়ক আবীর হাসান ও কম্পিউটার টুমরোর সম্পাদক এসএম মিজানুর রহমান। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন টুমরোজ ফোরাম (ঢাকা)-এর আহ্বায়ক কামরুল আহসান। সভাপতিত্ব করেন মোহাম্মদ মাজহারুল ইসলাম মিল্টন। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিল র‍্যাফেল ড্র, নাট্যধারা গোষ্ঠীর বাউল গান, মাহমুদুজ্জামান বাবুর কণ্ঠে 'আমি বাংলায় গান গাই' ও গজল শিল্পী মেসবাহর গজল সন্ধ্যা। উল্লেখ্য, বাংলাদেশে কম্পিউটারের মাধ্যমে এবারই প্রথম র‍্যাফেল ড্র অনুষ্ঠিত হলো।